গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২১৫ তারিখঃ ২৪/১০/২০২২খ্রিঃ।

প্রাপকঃ মেয়র
বাঘাইছড়ি পৌরসভা,
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

বিষয়ঃ বিশেষ প্রকল্প কর্মসুচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

মহোদয়

উপযুর্ক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি পৌরসভা কর্তৃক প্রস্তাবিত স্কীম/প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মেয়র-এর নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ খাদ্যশস্য প্রদানের নিমিত্ত মেয়র, বাঘাইছড়ি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলার অনুকূলে ৮০ মে.টন চাউল এবং ২০ মে.টন গমসহ মোট = ১০০ (একশত) মে.টন খাদ্যশস্য নিম্নে বর্ণিত শর্তে মঞ্জুরি আদেশ প্রদান করা হলো।

(ক) মেয়র, বাঘাইছড়ি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলার অনুমোদিত প্রকল্পের নাম:

| ক্র.নং | প্রকল্পের নাম | চাউল | গম | মোট |
|---|---|---|---|---|
| ১ | বাঘাইছড়ি পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে দরিদ্র কৃষকদের মাঝে স্প্রে-মেশিন ও উন্নতজাতের ফলজ চারা বিতরণ। | ৮০ | ২০ | ১০০ |
| ২ | পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের মাঝে সেলাই মেশিন ও ছাগল বিতরণ। | | | |
| ৩ | পৌরসভার বিভিন্ন শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানের মাইক ও সিলিং ফ্যান সরবরাহ প্রকল্প। | | | |
| ৪ | ডেপার পাড়া কাশের এর বাড়ী থেকে মধ্যম পাড়া মেইন রোডের দুই পার্শ্বে মাটি ভরাট বারেক ঘাটের বাড়ি পর্যন্ত। | | | |
| ৫ | ১নং ওয়ার্ড মোঃ কালের বাড়ী হইতে মফিজ মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তায় মাটি ভরাট। | | | |
| ৬ | ইউনুস বেপারী বাড়ী হইতে আব্বাস আলীর বাড়ি পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ৭ | ইমাম পাড়া দোকান হইতে কলেজ পাড়া বেলার এর বাড়ী পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে মাটি ভরাট। | | | |
| ৮ | ইমাম পাড়া আঃ হামিদ এর বাড়ীতে ১টি সেমি রিংওয়েল নির্মাণ। | | | |
| ৯ | পৌরসভার ৪নং ওয়ার্ডে বিভিন্ন স্থানে ৪টি টিউবওয়েল নির্মাণ। | | | |
| ১০ | চৌমুহনী হইতে হাজিপাড়া (বাবু পাড়া) সংযোগ সড়কে মাটি ভরাট। | | | |
| ১১ | মেইন রোড হইতে আনন্দ কার্বারী বৌদ্ধ বিহার পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ১২ | পৌরসভার ৭নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে ৪টি সেলু টিউবওয়েল নির্মাণ। | | | |
| ১৩ | বাবু পাড়া রাস্তা হইতে তালুকদার পাড়া পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ১৪ | পৌরসভার ৯নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে টিউবওয়েল নির্মাণ। | | | |
| ১৫ | ফজলু বিডিআর এর বাড়ী হইতে মোঃ শহিদুল্ল্যার বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ১৬ | চান মিয়া বাড়ী হইতে তাজুউদ্দীন এর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। | | | |
| ১৭ | পৌরসভার ৭,৮ ও ৯নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে টিউবওয়েল নির্মাণ। | | | |

০২। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৬/০৭/২০২২ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০২৮.১৩(অ-১)-০৭ নম্বর স্মারকমূলে ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল, ৩৭২২১০২ ত্রাণ কার্য গম খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি **রাঙ্গামাটি** পার্বত্য জেলার দুর্যোগ মোকাবেলায় এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যবহারের জন্য বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

০৩। **শর্তসমূহঃ**

১. বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা বাঘাইছড়ি পৌরসভা কর্তৃক প্রস্তাবিত স্কীম/প্রকল্প বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে জারিকৃত নীতিমালার প্রতিটি শর্ত যথাযথভাবে অনুসরণ করার জন্য কাঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো।

৩. ইতোমধ্যে জেলা প্রশাসনের মাধ্যমেও উন্নয়ন কার্যক্রমের জন্য যে খাদ্যশস্য বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে উপকারভোগীর Overlapping এড়ানোর জন্য জেলা প্রশাসক এর সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;

৪. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য যথোপযুক্তভাবে সংরক্ষণ করতে হবে এবং খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৫. বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে;

৬. বিশেষ কোন ব্যক্তি নয় এলাকার সামষ্টিক উন্নয়নের লক্ষ্যে ও সমাজের বৃহৎজনগোষ্ঠির স্বার্থ বিবেচনায় প্রকল্প স্থান নির্ধারণসহ প্রকল্প পরিকল্পনা, রুপরেখা ও বাস্তবায়ন করতে হবে।

চলমান পাতা-০২

৭. প্রকল্প বাস্তবায়নের শুরু থেকে শেষ পর্যন্ত সমুদয় দালিলিক প্রমাণ সংরক্ষণ করতে হবে;

৮. ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন করতে হবে;

৯. প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক তদারকি কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটি কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্প পরিদর্শণ/পরিবীক্ষণ করে মন্তব্যসহ অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১০. পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি করে ও পরিবেশের জন্য ক্ষতিকর এমন কোন প্রকল্প গ্রহণ করা যাবে না;

১১. প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকল্পের অনুকূলে বৃক্ষরোপন কর্মসূচি অন্তর্ভূক্ত করতে হবে;

১২. বরাদ্দকৃত খাদ্যশস্য ২০২২-২০২৩ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) বিশেষ কর্মসূচি আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ব্যয় করতে হবে।

২৪.১০.২২

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব
ফোন-৫৫১০০৬৩০

নং ২৯.০০.০০০০.২২৩.০২.০০১.২০২২-২১৫/১(১০)

তারিখঃ ২৪/১০/২০২২খ্রি: ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬আব্দুল গনি রোড, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, **রাঙ্গামাটি**।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার,পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক, **রাঙ্গামাটি** পার্বত্য জেলা।
১০। অফিস কপি।

২৪.১০.২০২২

(মো: হায়দার আলী মোল্লা)
সহকারী সচিব

Local Disk (D:)/T.R 2021-2022/TR Note